Health

NEW YORK CITY DEPARTMENT OF
HEALTH AND MENTAL HYGIENE
Oxiris Barbot, M.D.
Commissioner

কমিশনারের আদেশ

এদের উদ্দেশ্যেঃ উইলিয়ামসবার্গ, ব্রুকলিন, নিউ ইয়র্কের আশেপাশের সব জায়গায় বসবাসকারী, কর্মরত, বা স্কুলে উপস্থিত হওয়া সকল ব্যক্তি এবং উইলিয়ামসবার্গ, ব্রুকলিন, নিউ ইয়র্কের আশেপাশের এলাকায় বসবাসকারী, বা কর্মরত বা স্কুলে উপস্থিত হওয়া বাচ্চাদের পিতামাতা এবং / অথবা অভিভাবকরা

যেখানে, নিউ ইয়র্কের ব্রুকলিনের উইলিয়ামসবার্গের এলাকায় বসবাসকারী মানুষের মধ্যে হামের সক্রিয় প্রাদুর্ভাব রয়েছে যারা জিপ কোড 11205, 11206, 11211 এবং 11249 এর মধ্যে বসবাস করেন। সেপ্টেম্বর 2018 থেকে, উইলিয়ামসবার্গে বসবাসরত ব্যক্তিদের মধ্যে 250 টিরও বেশি হাম রোগে আক্রান্ত হবার ঘটনা নথিভুক্ত হয়েছে এবং নতুন আক্রান্ত হবার ঘটনার সাথে সেই সংখ্যা বেড়ে চলেছে;এবং

যেখানে, হাম একটি অত্যন্ত সংক্রামক ভাইরাল রোগ যা নিউমোনিয়া এবং মস্তিষ্ক ফুলে ওঠার মতো গুরুতর স্বাস্থ্যের জটিলতা সৃষ্টি করতে পারে। প্রায় এক তৃতীয়াংশ হামে আক্রান্ত হবার ক্ষেত্রে কমপক্ষে একটি জটিলতা থাকে এবং কিছু ক্ষেত্রে, হামের ফলে মৃত্যুও হতে পারে। হাম সব বয়সের গোষ্ঠীতেই গুরুতর হতে পারে। কিন্তু শিশু, ছোট বাচ্চারা, গর্ভবতী ব্যক্তি, যাদের রোগ প্রতিরোধ ব্যবস্থা দুর্বল এবং প্রাপ্তবয়স্করা হাম সম্পর্কিত জটিলতার শিকার হতে পারেন; এবং

যেখানে, হামের সংক্রমণ সহজেই অসুস্থ ব্যক্তির কাছ থেকে যাদের রোগ প্রতিরোধ ক্ষমতার অভাব রয়েছে, তাদের মধ্যে ঘটে। ভাইরাসটি বায়ুতে বা কোনো পৃষ্ঠতলে দুই ঘণ্টা অবধি বাঁচতে পারে যেখানে কোন সংক্রামিত ব্যক্তি কেশেছেন বা হেঁচেছেন, যাদের রোগ প্রতিরোধে ক্ষমতার অভাব রয়েছে তাদের অসুস্থ হয়ে পড়ার সম্ভাবনা খুব বেশি থাকে যদি আক্রান্ত ব্যক্তির সাথে সংযুক্ত থাকেন অথবা তিনি সম্প্রতি যেখানে ছিলেন তার কাছাকাছি যদি তারা থাকেন; এবং

যেখানে, যদিও হাম অত্যন্ত সংক্রামক, মিজলস-মাম্পস-রুবেলা (Measles-Mumps-Rubella, MMR) টিকা একটি নিরাপদ এবং কার্যকর টিকা যা তার সংক্রমণ প্রতিরোধ করবে। বিশ্বের কিছু অংশে যেখানে হামের টিকা পাওয়া যায় না সেখানে হাম অল্পবয়স্ক শিশুদের মৃত্যুর প্রধান কারণগুলির মধ্যে একটি রয়ে গেছে, তবে আমেরিকাতে এই প্রাদুর্ভাবের আগে অবধি রোগটি মূলত নির্মূল হয়ে ছিল; এবং

যেখানে, হামের প্রাদুর্ভাব বন্ধ করার জন্য স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্য বিভাগের (Department of Health and Mental Hygiene) অন্যান্য পদক্ষেপগুলি সত্ত্বেও উইলিয়ামসবার্গে হামের প্রাদুর্ভাব অব্যাহত রয়েছে, যার মধ্যে রয়েছে প্রি-স্কুল এবং ডেকেয়ার প্রোগ্রামে অংশ নেওয়া থেকে টিকা না নেওয়া শিশুদের বাদ দেওয়ার আদেশ, কারণ উইলিয়ামসবার্গে বসবাসকারীদের মধ্যে উচ্চ সংখ্যক মানুষকে হামের বিরুদ্ধে টিকা দেওয়া হয়নি; এবং

যেখানে, নিউ ইয়র্ক শহরের চার্টারের (Charter of the City of New York) 556 সেকশন অনুযায়ী বিভাগটি নিউ ইয়র্ক শহরের মধ্যে সংক্রামক রোগ নিয়ন্ত্রণের জন্য এবং জনস্বাস্থ্যকে প্রভাবিত করে বা করতে পারে এমন উপদ্রবের প্রশমন তত্ত্বাবধানের জন্য দায়ী; এবং

যেখানে, নিউ ইয়র্ক সিটি হেলথ কোডের (New York City Health Code) সেকশন 3.01 অনুযায়ী, আমি জনস্বাস্থ্য সংক্রান্ত জরুরী অবস্থার ঘোষণা এবং আদেশ জারি করার জন্য এবং নগর ও তার বাসিন্দাদের স্বাস্থ্য এবং নিরাপত্তার জন্য যখন জরুরি জনস্বাস্থ্য কর্মের প্রয়োজন হয় তখন আমি প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য অনুমোদিত; এবং

যেখানে, আমি উইলিয়ামসবার্গে চলমান হামের প্রাদুর্ভাব নিউ ইয়র্ক শহরের জনসাধারণের স্বাস্থ্যের প্রতি এক বিদ্যমান ঝুঁকি হিসাবে দেখি; এবং

যেখানে, উইলিয়ামসবার্গে MMR ভ্যাকসিন দেওয়া হয়নি এমন কোনও ব্যক্তির উপস্থিতি, যদি না সেই টিকা প্রয়োগের বিপরীত প্রভাব নির্দেশিত হয়ে থাকে বা এই ধরনের ব্যক্তি হামের বিরুদ্ধে অনাক্রম্যতা প্রদর্শন করে, তা হামের প্রাদুর্ভাব চালিয়ে যাওয়ার অপ্রয়োজনীয় এবং এড়ানো যায় এরকম ঝুঁকি সৃষ্টি করে এবং নিউইয়র্ক সিটির প্রশাসনিক কোড (New York City Administrative Code) §17-142 অনুযায়ী একটি উপদ্রব হিসেবে গণ্য করা উচিৎ বলে আমি মনে করি; এবং

যেখানে, নিউ ইয়র্ক সিটির হেলথ কোড §3.07 অনুযায়ী, কোনও ব্যক্তি "জনস্বাস্থ্যের জন্য বা কোন ব্যক্তির জীবন বা স্বাস্থ্যের জন্য ক্ষতিকর কোন কাজ করতে বা তাতে সহায়তা করতে পারবে না ... বা ... কোন যুক্তিসঙ্গত কাজ করতে ব্যর্থ হবে মানুষের জীবন ও স্বাস্থ্য রক্ষা করার জন্য কোনও সতর্কতা অবলম্বন করবে।"

এতদ্বারা এই আদেশ দেওয়া হচ্ছে যে 11205, 11206, 11211 এবং / অথবা 11249 জিপ কোডগুলির মধ্যে থাকে, কাজ করে বা বসবাস করে এমন কোনও ব্যক্তি এবং যিনি আমার দ্বারা স্বাক্ষরিত এই আদেশের আটচল্লিশ (48) ঘন্টার মধ্যে MMR টিকা পাননি, তাকে হামের বিরুদ্ধে টিকা দেওয়া হবে, যদি না সেই ব্যক্তি এই রোগের প্রতি অনাক্রম্যতা প্রদর্শন করতে পারেন অথবা বিভাগের সন্তুষ্টি মত তাদের সন্তুষ্টি মত দলিলাদি প্রদর্শন করতে পারেন যে তাকে চিকিৎসাগতভাবে এই আবশ্যকতা থেকে মুক্তি দেওয়া উচিত।

অতিরিক্ত এই আদেশ দেওয়া হচ্ছে যে ছয় মাস বয়সী যে কোনও শিশুর বাবা-মা বা অভিভাবক যারা 11205, 11206, 11211 এবং/অথবা 11249 জিপ কোডগুলির মধ্যে থাকেন, কাজ করেন বা বসবাস করেন এবং আমার দ্বারা স্বাক্ষরিত এই আদেশের আটচল্লিশ (48) ঘন্টার মধ্যে MMR ভ্যাকসিন পাননি এমন শিশুকে হামের বিরুদ্ধে টিকা দেওয়াবেন, যদি না এমন বাবা-মা বা অভিভাবক প্রদর্শন করতে পারেন যে এই রোগটির প্রতি শিশুটির অনাক্রম্যতা রয়েছে অথবা এমন দলিলাদি প্রদর্শন করতে পারেন যে তাকে এই আবশ্যকতা থেকে মুক্তি দেওয়া উচিৎ।

এই আদেশ 17 এপ্রিল 2019 তারিখে নির্ধারিত নিউ ইয়র্ক সিটি বোর্ড অফ হেলথের পরবর্তী বৈঠক অবধি কার্যকর থাকবে, এটি সময়ে বোর্ড দ্বারা অব্যাহত রাখা হতে পারে বা বাতিল করা হতে পারে।

তারিখ: এপ্রিল 9, 2019

অক্সিরিস বার্বট, এম.ডি.
স্বাস্থ্য কমিশনার

সতর্কতা

এই আদেশটির মেনে চলার ব্যর্থতা নিউইয়র্ক সিটি হেলথ কোডের §3.05 এর লঙ্ঘন, এবং একটি অসদাচরণ যার জন্য আপনি সিভিল এবং/অথবা ফৌজদারি জরিমানা, বাজেয়াপ্তকরণ এবং জরিমানার সম্মুখীন হতে পারেন, কারাদন্ড সহ।

যিনি এই অর্ডারের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে ইচ্ছুক, তিনি অনুগ্রহ করে এই ঠিকানায় লিখুন বা ফ্যাক্স করুন টমাস জি. মেরিল, জেনারেল কাউন্সেল, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন, 42-09 28th Street (WS 14-38) Long Island City NY 11101-4132; tmerrill@health.nyc.gov টেলিফোন: 347-396-6116; ফ্যাক্স: 347-396-6087, আদেশের প্রতি আপনার আপত্তির কারণগুলির একটি বিবৃতি প্রদান করে।